Department of Education
Carmen Fariña, Chancellor

কী প্রত্যাশিত: প্রোমোশন এবং সামার স্কুল

২০১৪-এর জুন থেকে, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (এনওয়াইডিওই) ৩ থেকে ৮ গ্রেডের শিক্ষার্থীদেরকে পরবর্তী গ্রেডে প্রোমোশন দেয়ার সিদ্ধান্ত সম্পর্কিত কিছু নিয়ম পরিবর্তনের পরিকল্পনা করছে। প্রস্তাবিত পরিবর্তনসমূহ প্রোমোশনের সিদ্ধান্তে নিউ ইয়র্ক স্টেট ইংরেজি এবং গণিত পরীক্ষায় শিক্ষার্থীদের স্কোর যে প্রধান বিষয় নয় সেটি নিশ্চিত করবে। তার পরিবর্তে, প্রোমোশনের সিদ্ধান্তে স্কুলগুলো স্টেটের পরীক্ষা ছাড়াও শিক্ষার্থীর অগ্রগতি বিভিন্ন পরিমাপের ভিত্তিতে বিচার করবে যার অন্তর্ভুক্ত হতে পারে রিপোর্ট কার্ড, শিক্ষার্থীর রাইটিংয়ের নমুনা, প্রকল্প, মূল্যায়ন, অ্যাসাইনমেন্ট, এবং শিক্ষার্থীর অন্য কাজ। আপনার সন্তানের যদি ব্যক্তিক শিক্ষা কর্মসূচি থাকে বা সে যদি ইংরেজি ভাষা শিক্ষার্থী হয়, আপনার সন্তানের স্কুলে জিজ্ঞেস করুন কীভাবে প্রক্রিয়াটি কার্যকরী হয়।

প্রোমোশন প্রক্রিয়া এবং সময়রেখা

মে – জুনের প্রথমদিকে:
যেসকল শিক্ষার্থী তাদের সারা স্কুল বছরের কাজ এবং মূল্যায়নের ভিত্তিতে পরবর্তী গ্রেড স্তরের জন্য প্রস্তুত নয় তাদের প্রোমোশন পোর্টফোলিও স্কুল সম্পূর্ণ করে।

৯ জুনের সপ্তাহ:
প্রিন্সিপ্যালগণ প্রত্যেক শিক্ষার্থীর পোর্টফোলিওতে প্রদর্শিত ইংরেজি ভাষা শৈলী এবং গণিতের দক্ষতার ভিত্তিতে প্রোমোশনের সুপারিশ করেন।

৮ গ্রেডের শিক্ষার্থীদেরকেও প্রোমোশনের জন্য অবশ্যই তাদের গণিত, সমাজ পাঠ, এবং সায়েন্স কোর্সগুলোতে পাস করতে হয়।

১৬ জুনের সপ্তাহ:
যেসব শিক্ষার্থী প্রোমোশন পায়নি, তাদের পরিবার একটি লিখিত নোটিস পাবে যেখানে তাদের সন্তানের সামার স্কুল শুরুর তারিখ ও স্থান উল্লিখিত থাকবে।

১ থেকে ৩১ জুলাই;
যেসকল শিক্ষার্থী জুনে প্রোমোশন পায়নি তারা সামার স্কুলে অংশ নেবে।

মধ্য-অগাস্ট:
সামার স্কুলের শেষে, প্রিন্সিপ্যালগণ শিক্ষার্থীর পোর্টফোলিও এবং সামার স্কুল কাজের ভিত্তিতে সে পরবর্তী গ্রেড স্তরের জন্য প্রস্তুত কিনা সেটি দেখে

মধ্য-অগাস্ট:
জুন মাসে প্রোমোশন না পাওয়া শিক্ষার্থীরা ডাকযোগে প্রোমোশনের চূড়ান্ত সিদ্ধান্তের চিঠি পাবে।

২৫ অগাস্টের সপ্তাহ:
প্রিন্সিপ্যালের কাছে একটি লিখিত আপিল জমা দিয়ে পরিবারসমূহ তাদের সন্তানের উত্তীর্ণ হওয়ার সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল করতে পারবে।

৪ সেপ্টেম্বর:
২০১৪-১৫ স্কুল বছরের প্রথম দিন

আমার সন্তানের স্কুলে কি আমার পরিবারের সঠিক ঠিকানাটি আছে?

আপনার সন্তান যদি জুনে প্রোমোশন না পায়, আরিস প্যারেন্ট লিংকে তালিকাভুক্ত বাড়ির ঠিকানায় অগাস্টে প্রোমোশনের একটি চূড়ান্ত সিদ্ধান্ত ডাকযোগে আপনাকে পাঠানো হবে।

এই চিঠিটি যাতে আপনি পান সেটি নিশ্চিত করতে, আপনার যোগাযোগের তথ্য হালনাগাদ আছে সেবিষয়টি নিশ্চিত করুন।

1. স্টুডেন্ট প্রোফাইলে ক্লিক করুন।
2. স্ক্রল করে পাতার নিচে গিয়ে আপনার যোগাযোগের তথ্য পর্যালোচনা করুন।
3. আপনার ঠিকানাটিতে যদি ভুল থাকে, স্কুল বছর শেষ হবার আগে আপনার সন্তানের স্কুলে যোগাযোগের তথ্য হালনাগাদ করতে অনুরোধ জানান।

ইন্টারনেটে প্রবেশের জন্য এবং আরিস প্যারেন্ট লিংকে লগ ইন করতে আপনার স্থানীয় লাইব্রেরি ব্রাঞ্চে যান। .

আপনার কি আরিস প্যারেন্ট লিংকের ইউজার নেম এবং পাসওয়ার্ড দরকার অথবা আপনার অ্যাকাউন্টে লগ ইন করতে কোন সহায়তা?

স্কুল বছর শেষ হবার আগে আপনার সন্তানের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরকে জিজ্ঞেস করুন।

৮ মে, ২০১৪-তে হালনাগাদকৃত। এই নথিটি চ্যান্সেলরের প্রবিধান A-501-এর প্রস্তাবিত পরিবর্তনের সারসংক্ষেপ।

Department of Education
Carmen Fariña, Chancellor

কী প্রত্যাশিত: প্রোমোশন এবং সামার স্কুল

বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি

এই বছর স্কুলগুলো কীভাবে প্রেমোশনের সিদ্ধান্ত নেবে?

প্রতিটি স্কুলের প্রিন্সিপ্যাল পরবর্তী গ্রেড স্তরে শিক্ষার্থীর ইংরেজি এবং গণিতের প্রস্তুতির বহুবিধ পরিমাপের ভিত্তিকে প্রোমোশনের সিদ্ধান্ত গ্রহণ করবেন।

- প্রথমে, শিক্ষকগণ স্কুল বছরব্যাপী শিক্ষার্থীর কাজ পর্যালোচনা করে ঐ সকল শিক্ষার্থীকে শনাক্ত করবেন যারা, সহায়তালাভের পরেও পরবর্তী গ্রেডের ইংরেজি ভাষা শৈলী এবং/অথবা গণিতের জন্য এখনও প্রস্তুত নয়। যেসকল শিক্ষার্থীর কাজ থেকে বোঝা যায় যে, তারা পরবর্তী গ্রেডের জন্য প্রস্তুত তাদেরকে জুনে প্রিন্সিপ্যাল প্রোমোশন দেবেন।
- তারপর, যেসকল শিক্ষার্থীর কাজ দেখে বোঝা যায় তারা পরবর্তী গ্রেডের জন্য এখনও প্রস্তুত নয় তাদের জন্য শিক্ষকগণ প্রোমোশনের পোর্টফোলিও সম্পূর্ণ করবেন। শিক্ষক ডিওই-র গাইডলাইন ব্যবহার করে পোর্টফোলিও-তে স্কোর দেবেন। পোর্টফোলির ফলাফলের ভিত্তিতে প্রিন্সিপ্যাল প্রোমোশনের সিদ্ধান্ত নেবেন।

পোর্টফোলিও-র ফলাফলের ভিত্তিতে যদি কোন শিক্ষার্থী জুনে প্রোমোশন না পায়, তাকে সামার স্কুলে জন্য সুপারিশ দেয়া হবে। সামার স্কুলের শেষে, স্কুল শিক্ষার্থীর কাজ আরেক বার পর্যালোচনা করবে, এবং প্রিন্সিপ্যাল চূড়ান্ত প্রোমোশনের সিদ্ধান্ত নেবেন।

কোন্ শিক্ষার্থী প্রোমোশনের পোর্টফোলিও তৈরি শেষ করবে সেটি স্কুলগুলো কীভাবে নির্ধারণ করবে?

যেসকল শিক্ষার্থীর স্কুল বছরব্যাপী কাজ দেখে বোঝা যায় যে তারা পরবর্তী গ্রেডের জন্য প্রস্তুত নয়, স্কুলগুলো তাদের প্রোমোশনের পোর্টফোলিও সম্পূর্ণ করবে। এই কাজের মধ্যে থাকতে পারে রিপোর্ট কার্ডের গ্রেড, শিক্ষার্থীর রাইটিংয়ের নমুনা, প্রকল্প, মূল্যায়ন, অ্যাসাইনমেন্ট, এবং স্কুল কর্তৃক বাছাইকৃত অন্য কাজ। কোন্ শিক্ষার্থীরা পোর্টফোলিও সম্পূর্ণ করবে সেটি নির্ধারণে স্কুলগুলো বিভিন্ন বিষয় বিবেচনার মধ্যে স্টেট পরীক্ষার ফলাফলও ব্যবহার করতে পারে, কিন্তু সেগুলি শুধুমাত্র বিবেচনার বিষয় হবে না।

স্কুল ঐসব শিক্ষার্থীর পোর্টফোলিও সম্পূর্ণ করবে না যাদের স্কুল বছরব্যাপী কাজের ভিত্তিতে দেখা গেছে যে, তারা ইংরেজি এবং গণিতে যথেষ্ঠ অগ্রগতি লাভ করেছে। প্রিন্সিপ্যাল এইসব শিক্ষার্থীদেরকে জুনে প্রোমোশন দেবেন।

প্রোমোশন পোর্টফোলিও বলতে কী বোঝায়?

আগে যেমন, ডিওই-র প্রোমোশনের পোর্টফোলিওর মধ্যে থাকতো মান-সম্মত মূল্যায়ন এবং ক্লাসের কাজ। এই বছর থেকে, পোর্টফোলিওর মূল্যায়নের অন্তর্ভুক্ত কমন কোর শিক্ষণ মান সমন্বিত মূল্যায়ন এবং শিক্ষার্থীরা ইংরেজি ভাষা শৈলী এবং গণিতে পরবর্তী গ্রেডের কাজের জন্য প্রস্তুত কিনা সেটি নির্ধারণে অভিনিবেশ।

- ইংরেজি ভাষা শৈলীর পোর্টফোলিওর মধ্যে আছে রিডিংয়ের শুদ্ধতা এবং রিডিং বোঝার উপর রাইটিংয়ের নমুনা এবং মূল্যায়ন।
- গণিতের পোর্টফোলিও-র মধ্যে থাকে একের-জন্য-একজন এবং স্বাধীন গণিত মূল্যায়ন এবং ক্লাসের কাজ যার অভিনিবেশ গ্রেড স্তরের প্রধান কাজ।

যদি কোন শিক্ষার্থী স্টেটের পরীক্ষা(গুলো)-তে নিঁচু স্কোর করে, তাকে কি অবশ্যই পোর্টফোলিও সম্পূর্ণ করতে হবে?

না, তা আবশ্যিক নয়। কোন্ শিক্ষার্থীরা প্রোমোশনের পোর্টফোলিও সম্পূর্ণ করবে সেটি নির্ধারণে স্কুলগুলো বহু বিবেচনার একটি হিশেবে স্টেটের পরীক্ষার ফলাফল ব্যবহার করতে পারে। সহায়তা লাভের পরেও যদি কোন শিক্ষার্থীর স্কুল বছরব্যাপী কাজ থেকে প্রমাণিত হয়ে যে, সে পরবর্তী গ্রেডের জন্য প্রস্তুত নয়, সেক্ষেত্রে শিক্ষক শিক্ষার্থী ইংরেজি ভাষা শৈলী এবং গণিতে যথেষ্ঠ অগ্রগতি করেছে কিনা সেটি নির্ধারণের জন্য একটি প্রোমোশনাল পোর্টফোলিও সম্পূর্ণ করবেন।

এ বছর সামার স্কুল কি ভিন্ন ধরনের হবে?

পরবর্তী গ্রেড স্তরের জন্য প্রয়োজনীয় দক্ষতা এবং জ্ঞান অর্জনে শিক্ষার্থীদের যাতে সহায়তা করা যায় সেই উদ্দেশ্যেই সামার স্কুলগুলি সমৃদ্ধ শিক্ষণ অভিজ্ঞতা প্রদান করে। এই বছর, ডিওই সামার স্কুলের শেষ দুদিনে যে সাধারণ পরীক্ষা দিয়ে থাকে সেটি বাদ দিচ্ছে। তার পরিবর্তে, সামারের শেষে স্কুলগুলি শিক্ষার্থীরা পরবর্তী গ্রেডে যাবার জন্য ইংরেজি ভাষা শৈলী এবং গণিতে যথেষ্ঠ অগ্রগতি করেছে কিনা সেটি নির্ধারণে তাদের সামার স্কুল কাজ এবং অন্যান্য মূল্যায়নের পাশাপাশি পোর্টফোলিওর বাড়তি পর্যালোচনা শেষ করবে।

আমার সন্তানের চূড়ান্ত প্রোমোশনের সিদ্ধান্তে যদি আমি সন্তুষ্ট না হই, সেক্ষেত্রে আমি কী করতে পারি?

প্রোমোশনের সিদ্ধান্তে আপনি যদি সন্তুষ্ট না হন, তাহলে অগাস্টের শেষে আপনার সন্তানের প্রিন্সিপ্যালের কাছে আপনি একটি লিখিত আপিল আবেদন জমা দিতে পারেন। সুপারিনটেনডেন্ট, যিনি চূড়ান্ত সিদ্ধান্ত নেন তিনি আপনার আবেদন পর্যালোচনা করবেন।

আরও তথ্যের জন্য: Call 311 311 নম্বরে ফোন করুন অথবা http://schools.nyc.gov/ParentsFamilies সাইট দেখুন।

৮ মে, ২০১৪-তে হালনাগাদকৃত। এই নথিটি চ্যান্সেলরের প্রবিধান A-501-এর প্রস্তাবিত পরিবর্তনের সারসংক্ষেপ।